

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.২২.২৭৩/১

তারিখ: ১৬.১১.২০২২ খ্রি.

ডিপ্লোমা ইন মেডিকেল পরীক্ষার ফলাফল প্রকাশ ও উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই -আগস্ট ২০২২ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রমের পর্ব সমাপনী পরীক্ষার ফলাফল ১৪ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশ করা হয়েছে। উক্ত ফলাফলে যে সকল পরীক্ষার্থী উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে নির্ধারিত ফি প্রদান করে পরীক্ষার্থীর নিজ নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে আগামী ২০-১১-২০২২ খ্রি: হতে ২৭-১১-২০২২ খ্রি: তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আগামী ২৮-১১-২০২২ হতে ২৯-১১-২০২২ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে প্রেরিত পুনঃনিরীক্ষণের আবেদনের অনলাইন কপি প্রিন্ট করতে হবে। বিষয় প্রতি ৩০০ টাকা হারে পুনঃনিরীক্ষণ ফি বাবদ প্রতিষ্ঠান কর্তৃক ২৯-১১-২০২২ খ্রিঃ পর্যন্ত সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরিশোধ করতে হবে। অনলাইনে এন্ট্রি ব্যতীত পুনঃনিরীক্ষণের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

ক) অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রির প্রক্রিয়া:

www.bteb.gov.bd এর হোম পেইজে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/ স্থগিত ফলাফল → প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

খ) সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষণের ফি জমা দেয়ার বিস্তারিত নিয়মাবলী নিয়ে **Flow Chart** এ উল্লেখ করা হলো:

ধাপ-০১ (Apply for Rescrutiny):



Course Curriculum
Exam Year
Institution Code
Password
Login

75- Diploma In Medical.
2022

Apply for Rescrutiny

SL NO	Roll No.	Fail Subject	
(1)	940098	7641, 7622	Apply for Rescrutiny
(2)	940100	5352	Apply for Rescrutiny

⇒ Preview & Print এ যেতে হবে।

ধাপ-০২: **Payment Summary** [২৮-১১-২০২২ খ্রিঃ হতে ০১-১২-২০২২ খ্রি. পর্যন্ত কাজ করবে]

[Payment Summary List]

SL No	Semester/ Year	Amount	Comments
1.	4 th Semester	900	
	Total	900	

Click for Online Payment

ধাপ-০৩: Sonali Payment Gateway এর মাধ্যমে সোনালী ব্যাংক একাউন্ট অথবা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে পুনঃনিরীক্ষণের ফি প্রদান করতে হবে।

(Handwritten signatures)

গ) প্রতিষ্ঠানের জন্য করণীয়:

- (১) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের আবেদন সরাসরি/ ভার্চুয়াল মাধ্যমে গ্রহন করবে।
- (২) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের পুনঃনিরীক্ষণ ফি মোবাইল ব্যাংকিং/ সরাসরি গ্রহন করবে।
- (৩) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের তথ্য উপরিউল্লিখিত নির্দেশনা অনুসরণ পূর্বক www.bteb.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে এন্ট্রি করবে।
- (৪) প্রতিষ্ঠান সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষণ ফি বোর্ডে প্রেরণ করবে।
- (৫) প্রতিষ্ঠান অনলাইনে এন্ট্রিকৃত পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ সোনালী সেবার মাধ্যমে পরিশোধিত পুনঃনিরীক্ষণ ফিসহ সকল হার্ডকপি ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসে/ বাহক মারফত বোর্ডে প্রেরণ করবে।
- (৬) পুনঃনিরীক্ষণের জন্য পরীক্ষার্থী কর্তৃক সরাসরি বোর্ডে কোন আবেদন গ্রহন করা হবে না। এ সংক্রান্ত কাজে কোন পরীক্ষার্থী কোনক্রমেই সরাসরি বোর্ডে উপস্থিত হতে পারবেনা।
- (৭) অনলাইনে এন্ট্রিকৃত সকল বিষয়ের পুনঃনিরীক্ষণ ফি সোনালী সেবার মাধ্যমে পরিশোধ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নিশ্চিত হতে হবে।

ঘ) ৮ম পর্ব CGPA এবং PC ও PF সংশোধন সংক্রান্ত :

- (১) ৮ম পর্বের প্রকাশিত ফলাফলে CGPA উল্লেখ না থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে ঐ সকল শিক্ষার্থীদের ১ম, ২য় ও ৩য় পর্বের (যার জন্য যা প্রযোজ্য) GPA এবং টেবুলেশন শীট/মার্ক শীটসহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।
- (২) PF সংক্রান্ত সংশোধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্রের মাধ্যমে উপযুক্ত প্রমাণকসহ (প্রদেয় PF নম্বর, হাজিরা শীট ইত্যাদিসহ) শীটসহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

বিঃদ্র: উভয়ক্ষেত্রে ফলাফল সংশোধনের আবেদনের সাথে প্রতিষ্ঠান জরিমানা প্রযোজ্য হবে।




(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

তারিখ : ১৬-১১-২০২২ খ্রিঃ

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.২২.২৭৩/১(১৩)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

১. সচিব, কারিগরি মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপদেষ্টা, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ/পরিচালক -----
৫. সিস্টেম এনালিস্ট, বাকাশিবো (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- গোপনীয়/সনদ/ভোক/বিএম, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপ-পরিচালক(হিসাব ও নিরীক্ষা), বাকাশিবো, ঢাকা।
৮. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/বিতরণ, বাকাশিবো, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাকাশিবো, ঢাকা।
১১. নথি।



(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১